

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি মডেল স্কুল  
কোটবাড়ী, কুমিল্লা

সাকুল্য বেতনে শিক্ষক নিয়োজন বিজ্ঞপ্তি

স্মারক নং-৪৭.৬৩.০০০০.০৬১.১১.০০০.১৯- ৪৫৬


তারিখ: ০৭ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ  
২০ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা কর্তৃক পরিচালিত বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি মডেল স্কুলে নিম্নবর্ণিত পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োজনের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র: নং	পদের নাম ও বিষয়	পদসংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বয়স	বেতন
০১।	সহকারী শিক্ষক (বাংলা)	০১	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি/সমমান। অথবা খ) স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান।		
০২।	সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)	০১	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য/ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি/সমমান। অথবা খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য/ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান।	অনুর্ধ্ব ৩৫ বছর	আলোচনা সাপেক্ষে
০৩।	সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা)	০১	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও বিপিএড ডিগ্রি/সমমান। অথবা খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও জুনিয়র ফিজিক্যাল ডিপ্লোমা।		

**আবেদনের শর্তাবলীঃ**

- ০১। প্রত্যেক পদের আবেদনকারীকে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) কোটবাড়ী, কুমিল্লা'র নিজস্ব ওয়েবসাইট [www.bard.gov.bd](http://www.bard.gov.bd) থেকে আবেদন ফরম ডাউনলোডপূর্বক কম্পিউটারে কম্পোজ করে আবেদন করতে হবে।
- ০২। আবেদনপত্র জমাদানের শেষ তারিখে (১৩/০৩/২০২০ খ্রি:) প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩৫ বছর হতে হবে।
- ০৩। উক্ত নিয়োজনের ক্ষেত্রে 'কোটা' সংক্রান্ত সর্বশেষ সরকারি নির্দেশনা অনুসরণ করা হবে।
- ০৪। আবেদনপত্রের সাথে যা যা সংযুক্ত করতে হবে:  
(ক) সদ্য তোলা ০৪ (চার) কপি সত্যায়িত পাসপোর্ট আকারের ছবি।  
(খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি।  
(গ) অভিজ্ঞতা সম্পর্কিত সকল প্রকার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (যদি থাকে)।  
(ঘ) জন্ম নিবন্ধন সনদপত্র/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।  
উল্লেখ্য যে, আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্রের কপি A4 সাইজের কাগজে দাখিল করতে হবে।
- ০৫। চাকরিরত প্রার্থীদেরকে স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে। অগ্রিম কপির ভিত্তিতে কোন দরখাস্ত বিবেচনার জন্য গ্রহণ করা হবে না।
- ০৬। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য করা হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য, নিয়োজন কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োজনের পরেও অসত্য/ভুল/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তাঁর আবেদনপত্র নির্বাচন বা নিয়োজন সরাসরি বাতিল করা হবে।
- ০৭। পরিচালক (প্রশাসন), বার্ড, কোটবাড়ী, কুমিল্লা-এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ, কোটবাড়ী শাখা, কুমিল্লা-এর উপর সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। কোন অবস্থাতেই সোনালী ব্যাংক লিঃ ব্যতিত অন্য কোন ব্যাংক এর ড্রাফট গ্রহণযোগ্য হবে না।
- ০৮। আবেদনপত্রসমূহ সর্বশেষ ১৩/০৩/২০২০ খ্রি: খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পরিচালক (প্রশাসন), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কোটবাড়ী, কুমিল্লা বরাবর ডাকযোগে পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত এবং অসম্পূর্ণ আবেদনপত্র কোন অবস্থাতে গ্রহণযোগ্য হবে না। সরাসরি বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ০৯। পরবর্তীতে পত্র যোগাযোগের জন্য আবেদনকারীকে ১০/- (দশ) টাকার ডাক টিকেটসহ পত্র যোগাযোগের বর্তমান ঠিকানা সম্বলিত ১০.৫"×৪.৫" সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ১০। প্রেরিত দরখাস্তের খামের উপর যে পদের জন্য আবেদন করা হয়েছে সে পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- ১১। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে নিয়োজন প্রক্রিয়া যে কোন সময় বাতিল/স্থগিত করতে পারবেন।

  
২০.২.২০২০  
(ড. মোঃ শফিকুল ইসলাম)  
পরিচালক (প্রশাসন)  
বার্ড, কোটবাড়ী, কুমিল্লা